দৈনিক জনকণ্ঠ

তারিখ 06 FEB 1998
পৃষ্ঠা ১০ কলাম ৪

# বুয়েটের ভর্তি পরীক্ষা নতুন পদ্ধতিতে অনুষ্ঠিত হবে

**বুয়েট রিপোর্টার**॥ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ১৯৯৭-৯৮ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা নতুন পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। নতুন পদ্ধতি অনুযায়ী স্থাপত্য অনুষদ ও প্রকৌশল অনুষদের ভর্তি পরীক্ষা অভিন্ন প্রশ্নে এবং একই দিনে অনুষ্ঠিত হবে। স্থাপত্য বিভাগের শিক্ষকগণ নতুন পদ্ধতির প্রতিবাদ জানালে প্রকৌশল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আবারও নতুন পদ্ধতিতে পরীক্ষার কথা ঘোষণা করেছে।

বৃহস্পতিবার প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ ইকবাল মাহমুদ স্থাপত্য বিভাগের শিক্ষকদের সাথে আলোচনা সভায় মিলিত হন। আলোচনা সভায় নতুন ভর্তি পদ্ধতির বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়।

এদিকে বুয়েট কর্তৃপক্ষ বলেছে, প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের সুনামের একটি বড় অংশ জুড়ে আছে প্রচলিত বস্তুনিষ্ঠ এবং সম্পূর্ণভাবে নিরপেক্ষ, কার্যকর একটি ভর্তি পরীক্ষা ব্যবস্থা। আর এ কারণেই ভর্তি পরীক্ষার বিষয়টি সব সময়েই অত্যন্ত গুরুত্বের সাথে বিবেচিত হয়ে আসছে এবং এ ব্যাপারে নীতির প্রশ্নে কখনোই কোন আপোস করা হয়নি। কর্তৃপক্ষ আরও বলেছে, প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের অর্ডিন্যান্স অনুযায়ী একাডেমিক কাউন্সিল বিভিন্ন কোর্সে ছাত্রভর্তি সংক্রান্ত সকল নিয়মকানুন নির্ধারণ করে থাকে। একাডেমিক কাউন্সিল গঠন করে ভর্তি কমিটি। ভর্তি কমিটি গঠন ও ভর্তির নিয়মকানুন প্রণয়নের প্রক্রিয়া প্রত্যেক সেশনে ছাত্র ভর্তির পূর্বে শুরু করা হয়। পূর্ববর্তী বছরের ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের পারফরমেন্স ও সংশ্লিষ্ট পরিসংখ্যান বিশদভাবে পর্যালোচনা করেই একাডেমিক কাউন্সিল নতুন পরীক্ষা পদ্ধতি প্রণয়ন করেছে বলে বুয়েট কর্তৃপক্ষ জানিয়েছে।

নতুন পদ্ধতিতে প্রকৌশল এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগে রসায়ন, গণিত, পদার্থ বিজ্ঞান ও ইংরেজীতে মোট ৬শ' নম্বরের পরীক্ষা হবে। স্থাপত্য বিভাগে গণিত, পদার্থ বিজ্ঞান, ইংরেজী এবং মুক্তহস্ত অঙ্কনে ছ'শ নম্বরের পরীক্ষা হবে। উভয়ক্ষেত্রে সময় থাকবে তিন ঘণ্টা। তবে কোন ছাত্রছাত্রী উভয় বিভাগের পরীক্ষায় অংশ নিতে চাইলে তাকে চার ঘণ্টায় গণিত, পদার্থ বিজ্ঞান, রসায়ন, ইংরেজী ও মুক্তহস্ত অঙ্কনে মোট সাত শ' আশি নম্বরের পরীক্ষা দিতে হবে।